



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর -৪৯

এসএসসি পরীক্ষা উপলক্ষ্যে আরএমপি'র নিষেধাজ্ঞা

রাজশাহী; ৩০ ভাদ্র (১৪ সেপ্টেম্বর):

আগামী ১৫ সেপ্টেম্বর হতে ০১ অক্টোবর ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত রাজশাহী মহানগরীর ৩০টি পরীক্ষা কেন্দ্রে স্থগিতকৃত এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা অনুষ্ঠিত হবে। আসন্ন পরীক্ষা উপলক্ষ্যে মহানগর এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষার নিমিত্তে নিষেধাজ্ঞা আরোপ করেছে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি)। গত রবিবার (১১ সেপ্টেম্বর) আরএমপি'র এক আদেশে এ নিষেধাজ্ঞা জারি করা হয়।

আদেশ অনুযায়ী, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন-১৯৯২ এর ২৯ (ক), ২৯ (খ), ৩০ ধারার অর্পিত ক্ষমতাবলে উক্ত পরীক্ষা চলাকালে পরীক্ষাকেন্দ্রসমূহের চতুর্দিকে ২০০ (দুইশত) গজের মধ্যে সকল প্রকার মিছিল, মিটিং, সমাবেশ, বিক্ষোভ প্রদর্শন, মাইকিং, বিক্ষোভকর দ্রব্য ও অস্ত্রশস্ত্র বহন এবং ৪ (চার)-এর অধিক জনসাধারণের একত্রে চলাচল নিষিদ্ধ ঘোষণা করা হয়।

রাজশাহী মহানগরীর পরীক্ষাকেন্দ্রগুলো হলো: (১) রাজশাহী কলেজিয়েট স্কুল, (২) পি এন সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, (৩) রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজ, (৪) রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, (৫) রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, (৬) গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, (৭) রাজশাহী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, (৮) শিরোইল সরকারী উচ্চ বিদ্যালয়, (৯) হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয়, (১০) লক্ষীপুর বালিকা উচ্চ বিদ্যালয়, (১১) রাজশাহী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, (১২) হামিদপুর নওদাপাড়া উচ্চ বিদ্যালয়, (১৩) নওহাটা সরকারী উচ্চ বিদ্যালয়, (১৪) দামকুড়াহাট উচ্চ বিদ্যালয়, (১৫) নওহাটা বালিকা উচ্চ বিদ্যালয়, (১৬) মাসকাটাদিঘী বহুমুখী কারিগরি উচ্চ বিদ্যালয় (কাটাখালী), (১৭) কাটাখালী বালিকা উচ্চ বিদ্যালয়, (১৮) বায়া স্কুল এন্ড কলেজ, (১৯) সালেহ শাহ মোহাম্মদ বালক উচ্চ বিদ্যালয় (চৌমুহনী বাজারের পার্শ্বে), (২০) রাজশাহী লোকনাথ উচ্চ বিদ্যালয়, (২১) মেট্রোপলিটন টেকনিক্যাল এন্ড বিএম ইনস্টিটিউট (শ্যামপুর), (২২) টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট (বহরমপুর মোড় এমএস বিল্ডিং, রাজপাড়া), (২৩) টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (সপুরা), (২৪) রাজশাহী কোট টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ (বহরমপুর), (২৫) সিটি টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ (নিউমার্কেট), (২৬) নওহাটা বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যালয়, (২৭) মহানগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট (কাপাসিয়া), (২৮) দারুস সালাম কামিল মাদ্রাসা, (২৯) মদিনাতুল উলুম কামিল মাদ্রাসা, (৩০) নওহাটা ছালেহিয়া দারুস সুন্নাত ফাযিল মাদ্রাসা।

উক্ত সময়ে আইন অমান্যকারীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আদেশে উল্লেখ করা হয়।##

.....
তৌহিদ/আতিক/সিকান্দার/রুহুল/রোকন/২০২২/১৫.৪০ঘ.